গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
মনিটরিং, স্বাস্থ্য প্রতিষ্ঠান অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং-১৫৪.১১৬.০০.০০.০০২.২০১৯-১৭ তারিখঃ-০৪.০৩.২০১৯ খ্রিঃ

বিষয়ঃ মনিটরিং কমিটির প্রথম সভা।

সভাপতিঃ জনাব মোঃ আনোয়ার হোসেন
যুগ্মসচিব (পার)
তারিখঃ ২৬.০২.২০১৯ খ্রিঃ
স্থানঃ মিনি কনফারেন্স রুম

উপস্থিত কর্মকর্তাগণঃ পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, গত ২৭.০১.২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় পরিদর্শন করে কতিপয় দিক নির্দেশনা প্রদান করেন। এ পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের অধিনস্ত প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারিদের কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করণ, স্বাস্থ্য সেবা প্রদান, লজিস্টিক, যন্ত্রপাতি ও সরঞ্জাম বিষয়ে তথ্যাদি সংগ্রহ এবং এ সংক্রান্ত ব্যবস্থা গ্রহণের নিমিত্তে মনিটরিং টিম গঠন করা হয়েছে।

২. সভাপতি বলেন যে, গত ১৯.০২.২০১৯ তারিখে ১৫৫ নং স্মারকে "কর্মস্থলে উপস্থিতি নিশ্চিতকরণসহ অন্যান্য করণীয়" বিষয়ে পার-২ অধিশাখা থেকে এবং ২০.০২.২০১৯ তারিখে ৬৮ নং স্মারকে "সকল পর্যায়ের হাসপাতালে চিকিৎসক, নার্সসহ সংশ্লিষ্ট সকলের উপস্থিতি নিশ্চিতকরণ ও মানসম্মত সেবা নিশ্চিতকরণ" বিষয়ে পার-৩ অধিশাখা থেকে পত্র জারী করা হয়েছে। তিনি পত্রদ্বয়ের বিষয়বস্তুর দিকে সকলের দৃষ্টি আকর্ষণ করেন ও প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নে তদারকী ব্যবস্থা জোরদার করার উপর গুরুত্বারোপ করেন।

৩. সভাপতি আরো বলেন যে, ইতোমধ্যে মনিটারিং টিমের কর্মকর্তাগণকে জেলার দায়িত্ব ভাগ করে দেয়া হয়েছে। তিনি প্রতি সপ্তাহে মনিটরিং টিমের পর্যালোচনা সভা অনুষ্ঠানের পরামর্শ দেন এবং সকলকে সভায় উপস্থিত থেকে সাপ্তাহিক অগ্রগতি তুলে ধরতে আহবান জানান। মনিটরিং কমিটির সদস্য সচিব সাপ্তাহিক অগ্রগতি লিখিত প্রতিবেদনের মাধ্যমে তুলে ধরার প্রস্তাব করেন। সভাপতি পরবর্তি সভায় মনিটরিং প্রতিবেদনের একটি ছক উপস্থাপনের জন্য সদস্য সচিবকে অনুরোধ জানান। তিনি সাপ্তাহিক প্রতিবেদন ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন।সভাপতি সকলকে প্রতিদিনের মনিটরিং এর ডায়েরি ও রেকর্ড সংরক্ষণের আহবান জানান।

৪. সভায় বক্তাগণ বায়োমেট্রিক রেজিস্ট্রেশন ও উপস্থিতির হার বিষয়ে আলোচনা করেন। পরিচালক, এমআইএস বলেন যে রোস্টার, ছুটি ভোগ, বদলি, ফিল্ড ওয়ার্ক এসব কারনে ১০০% উপস্থিতি আশা করা যথাযথ হবেনা। তিনি ৭০-৭৫% উপস্থিতিকে যথেষ্ট বিবেচনা করা যেতে পারে মর্মে মত ব্যক্ত করেন। এ মন্তব্যকে সমর্থন করে যুগ্মসচিব (পার-২) বলেন যে, দুপুর ১২.০০ টার পর ৭০-৭৫% উপস্থিতি পূর্ন উপস্থিতি হিসেবে ধরে নেয়া যেতে পারে।

৫. বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়ঃ

১. প্রতি বুধবার বিকাল ৪ ঘটিকায় মিনি সভাকক্ষে (খালি থাকা সাপেক্ষে) মনিটরিং কমিটির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে।
২. মনিটরিং কর্মকর্তাগণ প্রতিসপ্তাহে একটি তুলনামূলক অগ্রগতি প্রতিবেদন সভাপতির ই-মেইল ঠিকানায় দাখিল করবেন।
৩.মিনিটরিং কর্মকর্তাগণ প্রতিদিনের মনিটরিং এর ডায়েরি ও রেকর্ড সংরক্ষণ করবেন।
৪. কমিটির সদস্য সচিব পরবর্তি সভায় একটি মনিটরিং ছকের খসড়া উপস্থাপন করবেন।

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(মোঃ আনোয়ার হোসেন)
যুগ্মসচিব (পার) অনুবিভাগ
স্বাস্থ্য সেবা বিভাগ
ও
সভাপতি
মনিটরিং টিম
ফোনঃ ৯৫৪০২০৬

E:\Hospatel-1\All Bangla Letter-17.docx

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। যুগ্মসচিব (মনিটরিং, স্বাস্থ্য প্রতিষ্ঠান), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। যুগ্মসচিব (পার-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপসচিব (পার-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। উপসচিব (পার-৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। উপসচিব (পার-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবাস্থাপনা-১) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৮। উপসচিব (নিরাপত্তা অধিশাখা-২) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)।
০৯। উপসচিব (প্রশাসন-৪ মনিটরিং) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১০। উপসচিব (মেরামত শাখা) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১। উপসচিব (জনস্বাস্থ্য-১) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১২। উপপরিচালক, (স্বাস্থ্য অর্থনীতি ইউনিট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৩। সিনিয়র সহকারী সচিব (মাননীয় মন্ত্রীর দপ্তর), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৪। সিস্টেম এনালিষ্ট (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৫। জনাব সকেন্দু শেখর রায়, সিস্টেম এনালিষ্ট, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৬। ডাঃ মোঃ আবুল বাসার সরকার, মেডিকেল অফিসার, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৭। ডাঃ মুহাম্মদ আনোয়ার সাদাত, মেডিকেল অফিসার, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৮। পরিসংখ্যান কর্মকর্তা (প্রশাসন-৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ</u>

০১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।